রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২২ সনের ৫১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২২, ২০২২

সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১০৪৫—১০৫৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৭৮১—১৮০৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩৪৫—১৩৬৮ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৯ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ/২৫ অক্টোবর, ২০২২

**নং ৪৬/২০২২/কাস্টমস/৪১৯।**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বেসরকারি (প্রাইভেট) প্রেমিজেসটি কাস্টম হাউস, চট্টগ্রাম হতে ১ কিলোমিটার (প্রায়) দূরে বন্দর সংরক্ষিত এলাকায় অবস্থিত মেসার্স সী ওয়েজ বন্ডেড ওয়্যারহাউস লিঃ (বন্ড লাইসেন্স নং-এসচ-৪৯/৮৯(HB301SB04987), তারিখ: ২৬-০৮-১৯৮৯ খ্রিঃ নামীয় বেসরকারি বন্ডেড ওয়্যারহাউস (শীপ স্টোরস্ প্রভিশন্স) এর অনুকূলে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা (বন্ড লাইসেন্সে উল্লিখিত পণ্যসমূহ) নির্ধারণ করা হলো:

| ক্রঃনং | পণ্যের বিবরণ | ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য আমদানি প্রাপ্যতা (মাঃ ডলার) |
|---|---|---|
| ১. | প্রভিশন ও ফুড, বন্ডেড স্টোর (Provision & Food, Bonded Stores) | ০০.০০ |
| ২. | বিদেশগামী জাহাজের নাবিক ও ক্রুদের ব্যক্তিগত ও পারিবারিক সর্বপ্রকার ব্যবহার্য দ্রব্যাদি-এ্যালকোহলিক বেভারেজ (ওয়াইন, জিন, ভোদকা, হুইস্কি এবং বিয়ার) | ৬০,০০০.০০ |
| ৩. | Consignment Stock ভিত্তিক পণ্য (লুব্রিকেন্টস, লুব্রিকেটিং অয়েল, পেইন্ট, থিনার ইত্যাদি শীপ স্টোরস পণ্য) | ৭,০০,০০০.০০ |
| | সর্বমোট= | ৭,৬০,০০০.০০ |

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**নং ৪৭/২০২২/কাস্টমস/৪২০।**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স র‍্যাংগস ইলেকট্রনিক্স লিঃ (বন্ড লাইসেন্স নং-৮৫৭/কাস/এসবিডব্লিউ/২০১৩, তারিখ: ১১-০৪-২০১৩ খ্রিঃ) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং-৪(১৮) শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০১১(অংশ-১) ১৫৩(২), তারিখ: ২১-০৪-২০২২ খ্রিঃ মোতাবেক প্রাপ্যতা হতে ৫৫,০০০ মাঃ ডঃ আইটেমভিত্তিক আনুপাতিক হারে সমন্বয় করার শর্তে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য নিম্নরূপে আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিল, যথা:

| ক্রঃনং | আমদানিকৃত পণ্য | ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য সুপারিশ (মাঃ ডলার) |
|---|---|---|
| ১. | লিকার ও অন্যান্য ড্রিংকস | ২৫,০০০ |
| ২. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৮০,০০০ |
| ৩. | কসমেটিক্স, কনফেকশনারী, পারফিউম ও টয়লেট্রিজ | ৫,০০০ |
| | এক লক্ষ দশ হাজার মার্কিন ডলার | ১,১০,০০০ মার্কিন ডলার |

**নাজমুন নাহার**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-১

### প্রজ্ঞাপন

তারিখ: ২৪ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ/০৯ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ১০.০০.০০০০.১২৫.২৮.০০১.১৩.৭৩৫**—যশোরের সাবেক জেলা লিগ্যাল এইড অফিসার (বর্তমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত ও সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ ওয়াহিদুজ্জামান-এর গত ০৫-০৩-২০১৪ তারিখের ১০.০০.০০০০.১২৫.২৮.০০১. ১৩.১০৪ নম্বর স্মারকমূলে জারিকৃত সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো।

তিনি বিভাগীয় মামলা নং-০৩/২০১৭-এ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(২)(এ) অনুযায়ী 'তিরস্কার' (censure) দণ্ড প্রাপ্ত হওয়ায় এবং সাময়িক বরখাস্তকালীন সময়ের সমপরিমাণ অন্য কোনো ছুটি পাওনা না থাকায় তাঁর অনুকূলে বাংলাদেশ সার্ভিস রুলস-এর বিধি ৭২ অনুযায়ী সাময়িক বরখাস্তকালীন সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। উক্ত বিধি অনুযায়ী সাময়িক বরখাস্তকালীন সময়ে কর্মকর্তা কর্তৃক উত্তোলিত খোরাকী ভাতা আদায়যোগ্য হবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সচিব।

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
## সওজ গেজেটেড সংস্থাপন শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/১৭ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩৫.০২২.০১৫.০০.০০.০৭০.২০১২-৬২৬**—জনাব মোঃ শফিউল আজম (৬০১৯৯১), নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২(১) বিধি মোতাবেক অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৯-০৫-২০২২ তারিখ থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ বি এম আমিন উল্লাহ নুরী**
সচিব।

---

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন অধিশাখা-৫

### প্রজ্ঞাপন

তারিখ: ০৪ কার্তিক ১৪২৯/২০ অক্টোবর ২০২২

**নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০২২.২১-৩২৭**—যেহেতু, জনাব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), সুনামগঞ্জ গণপূর্ত উপ-বিভাগ-২, সুনামগঞ্জে ১৭-১২-২০১২ হতে ২৪-০৮-২০২১ তারিখ পর্যন্ত কর্মকালীন গণপূর্ত অধিদপ্তরের অধীনে বাস্তবায়নাধীন সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন ভবন স্থাপন প্রকল্পের নির্মাণ কাজ যথাযথভাবে ডিজাইন অনুযায়ী প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে মর্মে মিথ্যা প্রত্যয়নপত্র প্রদান করে অযৌক্তিক বিল প্রদানে সহযোগিতা করেন। ঠিকাদারি প্রতিষ্ঠান বিল নিয়ে কাজ না করায় ঠিকাদারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ না করে সরকারি স্বার্থ সংরক্ষণে দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন। ৪০%-৫০% নির্মাণ কাজের অগ্রগতির বিপরীতে ৯৫% বিল পরিশোধ করার সুযোগ করে দিয়ে আপনি আর্থিক ক্ষমতার অপব্যবহার করেছেন এবং অতিরিক্ত বিল পরিশোধ করার সুযোগ করে দিয়েছেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি(খ) অনুযায়ী আপনার বিরুদ্ধে "অসদাচরণ" ও দুর্নীতির অভিযোগে ০২/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব সচিব মহোদয়ের বরাবর ২৭-১২-২০২১ তারিখে দাখিল করেন। অতঃপর ১০-০৩-২০২২ তারিখে অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানী অন্তে জনাব মোঃ মোতাহার হোসেন, যুগ্মসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়' কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ এর বিরুদ্ধে আনিত অভিযোগ সন্দেহাতীত প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেছেন;

৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও নথিপত্র এবং অভিযুক্তের জবাব পর্যালোচনাক্রমে অভিযুক্ত কর্মকর্তাকে মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২(ঘ) অনুযায়ী লঘুদণ্ড হিসেবে "বেতন গ্রেডের নিম্নতম ধাপে অবনমিতকরণ" অর্থাৎ বেতন গ্রেডের প্রারম্ভিক ধাপে অবনমিতকরণ দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

৪। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), সুনামগঞ্জ গণপূর্ত উপবিভাগ-২, সুনামগঞ্জ, বর্তমানে জনসংখ্যা প্রকল্প কোষ (পিপিসি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী "অসদাচরণ" ও দুর্নীতির অভিযোগে রুজুকৃত ০২/২০২১ নম্বর বিভাগীয় মামলায় তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২(ঘ) অনুযায়ী লঘুদণ্ড হিসেবে "বেতন গ্রেডের নিম্নতম ধাপে অবনমিতকরণ" অর্থাৎ বেতন গ্রেডের প্রারম্ভিক ধাপে অবনমিতকরণ দণ্ড প্রদান করা হলো।

৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী ওয়াছি উদ্দিন**
সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শৃঙ্খলা বিষয়ক শাখা**

**অফিস আদেশ**

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/১৩ অক্টোবর ২০২২ খ্রি.

**নং ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.০০৬.২০২১.৪৫**—যেহেতু, জনাব মোঃ মোতাহার হোসেন, প্রভাষক (ইসলামি শিক্ষা), নরসিংদী সরকারি মহিলা কলেজ, নরসিংদী এর বিরুদ্ধে সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ঢাকায় মামলা নং ১৮/২০২২ দায়ের করা হলে তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, পরবর্তীতে সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল মামলায় গত ২৫-০৭-২০২২ খ্রিস্টাব্দে তাঁকে অব্যাহতি প্রদান করা হয়;

সেহেতু, জনাব মোঃ মোতাহার হোসেন, প্রভাষক (ইসলামি শিক্ষা), নরসিংদী সরকারি মহিলা কলেজ, নরসিংদী-কে সরকারি চাকরি আইন-২০১৮ এর ৩৯(৩) ধারা অনুযায়ী সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দীক**
সচিব।

**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯/১৩ অক্টোবর ২০২২

**নং ৩৭.০০.০০০০.০৭৮.১১.০০১.২০১৩-৪০৭**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১(১) অনুযায়ী ড. মোঃ জামালউদ্দীন আহমদ, প্রাক্তন অধ্যাপক, রসায়ন বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-কে ফেনী ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন।

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন-ভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৭.০০.০০০০.০৭৮.১৭.২১.২০০৫(অংশ-১)-৪০৮**— মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১(১) অনুযায়ী প্রফেসর ড. মোহাম্মদ রহমতুল্লাহ, ডীন, জীব বিজ্ঞান অনুষদ এবং প্রাক্তন প্রো-ভাইস-চ্যান্সেলর, ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ-কে উক্ত ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন।

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন-ভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০২ কার্তিক ১৪২৯/১৮ অক্টোবর ২০২২

**নং ৩৭.০০.০০০০.০৭৮.০৮.০০৫.২০১৮-৪১০**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩(১) অনুযায়ী জনাব মোহাম্মদ জুলফিকার আলী, সহযোগী অধ্যাপক, ব্যবসায় প্রশাসন বিভাগ, দি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব স্কলার্স-কে উক্ত ইউনিভার্সিটির ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও

চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন-ভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

---

**বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯/১৩ অক্টোবর ২০২২

**নং ৩৭.০০.০০০০.০৮০.১১.০০১.১৯-২৪৪**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এঁর অনুমোদনক্রমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় আইন, ২০১৯ এর ধারা ১২(১) অনুযায়ী এয়ার ভাইস মার্শাল এ এস এম ফখরুল ইসলাম, ওএসপি, জিইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, (বিডি/৮২১৯), জিডি(পি)-কে উক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর পদে ০৪ (চার) বছরের জন্য নিম্নোক্ত শর্তে নিয়োগ করা হলো:

(ক) ভাইস-চ্যান্সেলর হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ থেকে ০৪ (চার) বছর হবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে তিনি নিয়মিত চাকরির বয়সপূর্তিতে মূল পদে প্রত্যাবর্তনপূর্বক অবসরগ্রহণের আনুষ্ঠানিকতা সম্পাদন শেষে উক্ত মেয়াদের অবশিষ্টাংশ পূর্ণ করবেন;

(খ) ভাইস-চ্যান্সেলর হিসেবে তিনি বিধি মোতাবেক বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতাদি পাবেন;

(গ) তিনি ভাইস-চ্যান্সেলর পদের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন; এবং

(ঘ) মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময় শেষ হওয়ার পূর্বেই তাঁকে ভাইস-চ্যান্সেলরের দায়িত্ব থেকে অব্যাহতি দিতে পারবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাঃ রোখছানা বেগম**
উপসচিব।

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**কারিগরি শাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/৩১ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৫৭.০০.০০০০.০৫১.০৪.০১২.২০২১-২৯৩**—যেহেতু, জনাব মোঃ আবদুল কুদ্দুস সরদার, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষের দায়িত্ব পালনরত অবস্থায় আর্থিক অনিয়ম ও ক্ষমতার অপব্যবহার যথা: সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউটের অনুকূলে ২০২০-২০২১ অর্থ বছরে বরাদ্দকৃত টাকা হতে ১৩,১২,৪৯৪ (তের লক্ষ বারো হাজার চার শত চুরানব্বই) টাকার মালামাল সংগ্রহ/ক্রয়ে পিপিআর ২০০৮ অনুযায়ী নির্ধারিত বিধান অনুসরণ না করে সরাসরি ক্রয় ও কোটেশন প্রক্রিয়ায় সর্বোচ্চ আর্থিক সীমা লঙ্ঘন, আর্থিক কোড বহির্ভূত ব্যয় এবং ৩(তিন) টি কোটেশনের মাধ্যমে ক্রয়কৃত মালামাল বাস্তবে গ্রহণ না করে সরকারি অর্থ আত্মসাৎ এর উদ্দেশ্যে ভুয়া বিল সৃজন ও বিল পরিশোধ, নিজস্ব প্রভাব খাটিয়ে অন্যায় ও অবৈধ নির্দেশে ক্রয় কমিটির সদস্যদের দিয়ে এসব মালামাল বুঝে পাওয়া গেছে মর্মে মিথ্যা প্রত্যয়ন গ্রহণ এবং নির্ধারিত কাজ সম্পন্ন বা কোনো মালামাল সরবরাহ না পেয়েও স্টক রেজিস্ট্রারে ভুয়া এন্ট্রি সংক্রান্ত অভিযোগসমূহ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) এবং (ঘ) অনুযায়ী যথাক্রমে: 'অসদাচরণ' (Misconduct) ও 'দুর্নীতি' (Corruption) এর অভিযোগ আনয়নপূর্বক জনাব মোঃ আবদুল কুদ্দুস সরদার'কে উক্ত অভিযোগে অভিযুক্ত করা হয়। তার বিরুদ্ধে যথানিয়মে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে তাকে এ বিষয়ে লিখিতভাবে কারণ-দর্শানোর জন্য অনুরোধ করা হয় এবং ব্যক্তিগত শুনানিতে আগ্রহী হলে হাজির হয়ে বক্তব্য প্রদানের জন্য বলা হয়। সে পরিপ্রেক্ষিতে তিনি গত ২৯-০৯-২০২১ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করে তার জবাব/বক্তব্য দাখিল করেন। তার দাখিলকৃত জবাব/বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় একই বিধিমালার বিধি ৭ এর উপবিধি ২(ঘ) অনুযায়ী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের যুগ্মসচিব জনাব মুহম্মদ হিরুজ্জামান এনডিসি-কে উক্ত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা বিস্তারিত তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন অনুযায়ী সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ জনাব মোঃ আবদুল কুদ্দুস সরদার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর যথাক্রমে: বিধি ৩ এর উপবিধি (খ) এবং (ঘ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) ও 'দুর্নীতি' (Corruption) এর অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) এবং (ঘ) অনুযায়ী যথাক্রমে; 'অসদাচরণ' (Misconduct) ও 'দুর্নীতি' (Corruption) এর অভিযোগে একই

বিধিমালার ৪(৩) উপবিধি (১) (ক) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় কেন 'নিম্নপদে অবনমিতকরণ' করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য দ্বিতীয় কারণ-দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হয়; এবং

যেহেতু, ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব সন্তোষজনক না হওয়ায় রুজুকৃত বিভাগীয় মোকদ্দমার ধারাবাহিক কার্যক্রমের এ পর্যায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩) উপবিধি (১) (ক) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় 'নিম্নপদে অবনমিতকরণ' করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হলে কমিশন জনাব মোঃ আবদুল কুদ্দুস সরদার'কে প্রস্তাবিত গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে ঐক্যমত্য পোষণ করে;

সেহেতু, জনাব মোঃ আবদুল কুদ্দুস সরদার, অধ্যক্ষ, সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউট-কে সরকারি কর্মচারী (শঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩) উপবিধি (১)(ক) মোতাবেক গুরুদণ্ড হিসেবে এ আদেশ জারির তারিখ হতে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য চাকরিতে 'নিম্নপদে অবনতিকরণ' অর্থাৎ, তার বর্তমান বেতনস্কেল ৫০,০০০—৭১,২০০ এর নিম্নস্কেলে ৪৩,০০০—৬৯,৮৫০ টাকা স্কেলে ৬৯,৮৫০ টাকা মূল বেতনে 'উপাধ্যক্ষ' পদে অবনমিতকরণ গুরুদণ্ড প্রদান করা হলো। উক্ত কর্মকর্তার পদাবনতি বলবৎ থাকার সময়কাল অতিবাহিত হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ৫০,০০০—৭১,২০০ স্কেলে প্রত্যাবর্তন করবেন এবং তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৭.০০.০০০০.০৫১.২৭.০০২.২২-২৯৪**—যেহেতু, জনাব তরুন কুমার নাথ, চিফ ইন্ট্রাক্টর (টেক/পাওয়ার), চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটে পদোন্নতি ও পদায়ন আদেশপ্রাপ্ত হয়ে গত ১৩-০২-২০২২ খ্রি. তারিখে উক্ত প্রতিষ্ঠানে যোগদান করেন। যোগদানের পরদিন গত ১৪-০২-২০২২ খ্রি. তারিখে ৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটি (১৫-০২-২০২২ তারিখ হতে ১৭-০২-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত) নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। ছুটি শেষে তিনি কর্মস্থলে যোগদান না করায় অধ্যক্ষ কর্তৃক যথাক্রমে গত ১০-০৩-২০২২ খ্রি. তারিখ, ২০-০৩-২০২২ খ্রি. তারিখ এবং ৩১-০৩-২০২২ খ্রি. তারিখে কর্মস্থলে যোগদানের জন্য পত্র প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে তিনি গত ০৩-০৪-২০২২ খ্রি. তারিখে ডাক্তার কর্তৃক স্বাক্ষরিত একটি চিকিৎসার ব্যবস্থাপত্র ই-মেইলে প্রেরণ করেন। উক্ত চিকিৎসাপত্রে কোনো সুনির্দিষ্ট সময় উল্লেখ না থাকায় তার বর্তমান শারীরিক পরিস্থিতির ব্যবস্থাপত্রসহ কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করে অধ্যক্ষ কর্তৃক পুনরায় তাকে গত ২৭-০৪-২০২২ খ্রি. তারিখ পত্র প্রেরণ করেন;

যেহেতু, কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ১৫-০২-২০২২ হতে ০১-০৬-২০২২ পর্যন্ত [মোট = ১০৭ দিন] কর্মস্থলে অনুপস্থিত, অর্পিত দায়িত্ব পালনে অবহেলা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের ন্যায়সঙ্গত আদেশ অমান্য করায় তার বিরুদ্ধে জনস্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) ধারা অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ আনয়নপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বরাবর প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে তিনি লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন;

যেহেতু, তিনি ১১-০৯-২০২২ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে ক্ষমা প্রার্থনা করে ভবিষ্যতে আর এ ধরণের ত্রুটি হবেনা মর্মে তিনি অঙ্গীকার করেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) ধারা অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২(খ) অনুযায়ী "নির্দিষ্ট মেয়াদের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখা" লঘুদণ্ড প্রদান করা সমীচীন হবে; এবং

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২(খ) অনুযায়ী চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটের চিফ ইনস্ট্রাক্টর (টেক/পাওয়ার) জনাব তরুন কুমার নাথ এর অনুকূলে "বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ২ (দুই) বছরের জন্য স্থগিত" রাখার লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি ২ (দুই) বছরের বর্ধিত বেতন কখনও প্রাপ্য হবেন না, ২ (দুই) বছর অতিক্রান্ত হওয়ার পর ৩য় বছর হতে তিনি বর্ধিত বেতন প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামাল হোসেন**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১৫.১৫(অংশ-১).৩১৩**—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং The State Acquisition And Tenancy Act. 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক কক্সবাজার জেলার কক্সবাজার সদর উপজেলার তেতৈঁয়া মৌজার ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হল:

| ক্রম | মৌজার নাম | জে এল নং | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১. | তেতৈঁয়া | ১৩ | কক্সবাজার সদর | কক্সবাজার |

তারিখ: ০৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/২৪ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১৫.১৫.৩১৮**—The State Acquisition And Tenancy Act. 1950 (Act XXVIII of 1951) এর 144(7) এবং Tenancy Rules, 1955 এর ধারা 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রম | মৌজার নাম | জে এল নং | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | গঙ্গাধরদী | ৬৪ | ৪৯৫ | হরিরামপুর | মানিকগঞ্জ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
যুগ্মসচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ আশ্বিন, ১৪২৯/১০ অক্টোবর, ২০২২

**নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০০৩.২০২২-৮১৩**—যেহেতু, জনাব জি. এম. সাহাবুদ্দিন, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), এলজিইডি, পটুয়াখালী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধিতে বর্ণিত যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ০০৩/২০২২ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তার দাখিলকৃত জবাবের পরিপ্রেক্ষিতে গত ১০-০৮-২০২২ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে তার জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলার অভিযোগসমূহ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি অনুসারে জনাব মোঃ জসিম উদ্দিন, যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ এর নেতৃত্বে, প্রধান প্রকৌশলী, এলজিইডি কর্তৃক মনোনীত নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট) এবং অন্য একজন নির্বাহী প্রকৌশলীর সমন্বয়ে ৩ (তিন) সদস্যবিশিষ্ট তদন্ত বোর্ড গঠন করা হয়। তদন্ত বোর্ড গত ১৮-০৯-২০২২ খ্রি. তারিখে ৯৬ নম্বর স্মারকের মাধ্যমে তদন্ত প্রতিবেদন দাখিল করে; এবং

যেহেতু, তদন্ত বোর্ড এর দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের মতামতে অভিযুক্ত কর্মকর্তা জনাব জি.এম. সাহাবুদ্দিন, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), এলজিইডি, পটুয়াখালী এর বিরুদ্ধে অভিযোগনামায় বর্ণিত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত দেওয়া হয়েছে;

সেহেতু, জনাব জি.এম. সাহাবুদ্দিন, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), এলজিইডি, পটুয়াখালী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিতে বর্ণিত যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সচিব।

**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ কার্তিক ১৪২৯/২৫ অক্টোবর ২০২২

**নং ৪৬.০০.০০০০.০৮৫.১১.১১৬.২০২২-৭১০**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৬(১)(ক) ও ৬(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে স্থানীয় সরকার বিভাগের পানি সরবরাহ অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ জসিম উদ্দিন, যুগ্মসচিব-কে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে সিলেট ওয়াসা বোর্ডের সদস্য পদে নিয়োগ প্রদান করা হলো। তিনি সিলেট ওয়াসা বোর্ডের পূর্বতন সদস্য জনাব মোহাম্মদ ফজলে আজিম, উপসচিব, স্থানীয় সরকার বিভাগের স্থলাভিষিক্ত হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ. কে. এম সাইফুল আলম**
সিনিয়র সহকারী সচিব।

**পানি সরবরাহ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ কার্তিক ১৪২৯/২৩ অক্টোবর ২০২২

**নং ৪৬.০০.০০০০.০৮৫.১১.০০৪.১৮.৬৯৯**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৬(১)(জ) ও ৬(৪) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান বাদল, অ্যাডভোকেট, (চেয়ারম্যান, এক্সিকিউটিভ কমিটি), বাংলাদেশ বার কাউন্সিল, অফিস: 16, Court House Street ($1^{st}$ floor) Kotwali, Dhaka-1100. Room No. 320, Supreme Court Bar Association, Annex Building, Dhaka. বাসা: House No. 62, Road No. 9/A (New), Flat-502, Dhanmondi, Dhaka-কে বাংলাদেশ বার কাউন্সিল এর প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে চট্টগ্রাম ওয়াসা বোর্ডের সদস্য পদে নিয়োগ প্রদান করা হলো। তিনি চট্টগ্রাম ওয়াসা বোর্ডের পূর্বতন সদস্য জনাব মুজিবুল হক (অ্যাডভোকেট) এর স্থলাভিষিক্ত হবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ কে এম সাইফুল আলম**
সিনিয়র সহকারী সচিব।

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
## প্রশাসন অধিশাখা-০২

### প্রজ্ঞাপন

তারিখ: ০১ কার্তিক ১৪২৯/১৭ অক্টোবর ২০২২

**নং ৪৭.০০.০০০০.০৩২.২৭.০০৩.২২.৪৮৫**—যেহেতু, আপনি জনাব তসলিমা পারভীন, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা ও প্রাক্তন জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজশাহী হিসেবে কর্মরত থাকাবস্থায় সমবায় সমিতি আইন ও বিধিমালা লংঘন করে রাজশাহী জেলার তানোর উপজেলায় নভেম্বর/২০১৯ ও ডিসেম্বর/২০১৯ মাসে তরিঘড়ি করে মোট ৭৪টি সমিতির নিবন্ধন করেছেন, যা কর্তব্য কাজে চরম অবহেলার সামিল;

২। যেহেতু, আপনি জনাব তসলিমা পারভীন, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা ও প্রাক্তন জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজশাহী হিসেবে কর্মরত থাকাবস্থায় তানোর উপজেলার মথুরাপুর একতা মৎস্যজীবী সমবায় সমিতি লি: এর নিবন্ধন ফি সংক্রান্ত চালানের ফটোকপিতে সমিতির নামের মিল না থাকা সত্ত্বেও নথি উপস্থাপনকারীগণের বিরুদ্ধে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেননি এবং ১০টি সমবায় সমিতি নিবন্ধন পূর্ব অবহিতকরণ সভার হাজিরা শীট থাকা সত্ত্বেও উপজেলা সমবায় কর্মকর্তা ব্যতিত অন্য কারও স্বাক্ষর না থাকায়, সমিতির নিবন্ধন পূর্ব অবহিতকরণ সভা না হওয়া, সাংগঠনিক সভার রেজুলেশন থাকলেও সভা অনুষ্ঠানের স্থান, তারিখ, সময় সঠিকভাবে উল্লেখ না থাকা সত্ত্বেও আপনি ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার উদ্দেশ্য উক্ত ১০টি সমিতির নিবন্ধন প্রদান করেছেন, যা আপনার কর্তব্য কাজে চরম অবহেলার সামিল;

৩। যেহেতু, আপনি জনাব তসলিমা পারভীন, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা ও প্রাক্তন জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজশাহী হিসেবে কর্মরত থাকাবস্থায় তানোর উপজেলার 'চুনিয়াপাড়া উত্তরপাড়া মৎস্যচাষী সমবায় সমিতি লিঃ' নামে প্রস্তাবিত সমিতির সাংগঠনিক সভায় রেজুলেশনে স্থান, তারিখ, সময়, সমিতির নাম ও সভাপতির নাম উল্লেখ না থাকায় নিবন্ধন নথি এবং নিবন্ধন রেজিস্টারে উক্ত সমিতি 'চুনিয়া উত্তরপাড়া মৎস্যচাষী সমিতি লিঃ' নামে নিবন্ধন প্রদান করা হয়েছে যার তারিখ ঘষামাজা এবং কিছু কিছু সমিতির নিবন্ধন পরবর্তী কোনো কার্যক্রম শুরু না করে অনৈতিক সুবিধা লাভের বিনিময়ে তরিঘড়ি করে আপনি সমিতি নিবন্ধন প্রদান করেছেন, যা আপনার দায়িত্বহীনতার পরিচয় বহন করে;

৪। যেহেতু, আপনি ভারপ্রাপ্ত জেলা সমবায় কর্মকর্তা, রাজশাহী থাকাকালে সমিতি নিবন্ধনের জন্য আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আবেদনের ভুলত্রুটি সংশোধনের জন্য নিবন্ধনকারী কর্তৃপক্ষ হিসেবে সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী ৬০ দিনের বেশি সময় পাওয়া সত্ত্বেও ত্রুটিপূর্ণ আবেদন যাচাই-বাছাই না করে নিবন্ধন প্রদান করে দায়িত্বহীনতা, কর্তব্য কাজে অবহেলা ও অসদাচরণের সামিল;

৫। যেহেতু, আপনি জনাব তসলিমা পারভীন, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা ও প্রাক্তন জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজশাহী এর বিরুদ্ধে উপরিউক্ত অসদাচরণের অভিযোগে সমবায় অধিদপ্তরের ১৮-০১-২০২১ তারিখে ৪৭.৬১. ০০০০.০০৪.০৪.০০৩.২১জি-(বিমা-৩২)-১৩৬(৩)এ/ও নং স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক ৩২/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

৬। যেহেতু, ব্যক্তিগত শুনানিকালে আপনার বিরুদ্ধে আনিত অভিযোগসমূহের বিষয়ে উপস্থাপিত মৌখিক বক্তব্য, রেকর্ডপত্র এবং দাকিলকৃত জবাব পর্যালোচনায় আপনার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অসদাচরণের অভিযোগ তদন্তের জন্য সমবায় অধিদপ্তরের ০৮-০৩-২০২১ তারিখের ৫২৬(৫)-এ/ও স্মারকমূলে জনাব সোলাইমান বেগ, জেলা সমবায় অফিসার, পাবনা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনিত অসদাচরণের অভিযোগসমূহের অংশবিশেষ প্রমাণিত হয়;

৭। যেহেতু, আপনার বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ তদন্তে অংশবিশেষ প্রমাণিত হওয়ায় অভিযোগের প্রকৃতি ও গুরুত্ব বিবেচনায় সমবায় অধিদপ্তরের ৩০-০৩-২০২২ তারিখের ২৬২(৫)-এ/ও স্মারকমূলে ২য় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়। ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব খণ্ডন করতে আপনি ব্যর্থ হয়ে ক্ষমা প্রার্থনা করেছেন; আপনার বিরুদ্ধে আনিত অভিযোগ, আপনার লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন এবং প্রমাণিত অভিযোগের ধরন ও মাত্রা বিবেচনায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(১)(ক) উপ-বিধি মোতাবেক লঘুদণ্ড আরোপ করাই যৌক্তিক বিবেচনায় বিভাগীয় মামলায় সমস্ত বিধিগত প্রক্রিয়া অবলম্বনপূর্বক সমবায় অধিদপ্তরের ২৫-০৫-২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০০৩.২১জি-(বিমা-৩২/২০২১) -৪৫৯-এ/ও সংখ্যক স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(১)(ক) উপ-বিধিতে বর্ণিত "তিরস্কার" দণ্ড আরোপ করা হয়;

৮। যেহেতু, জনাব আপনি তসলিমা পারভীন, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা ও প্রাক্তন জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজশাহী উক্ত দণ্ডাদেশ হতে অব্যাহতি প্রদানের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব বরাবর আপিল আবেদন করেন;

৯। যেহেতু, আপনার আপিল আবেদনের পরিপ্রেক্ষিতে গত ১৩-০৯-২০২২ তারিখে শুনানি অনুষ্ঠিত হয়। শুনানি গ্রহণকালে সমবায় অধিদপ্তরের প্রতিনিধি উপ-নিবন্ধক (প্রশাসন) জনাব নূর মোহাম্মদ

মামুন ও আপনার বক্তব্য শ্রবণ করা হয়। উভয় পক্ষের বক্তব্য ও উপস্থাপিত রেকর্ডপত্র পর্যালোচনা করে তদন্ত প্রতিবেদনে দেখা যায় যে, রাজশাহী জেলার তানোর উপজেলায় নিবন্ধনের নিমিত্ত আবেদিত সমবায় সমিতিগুলোর রেকর্ডপত্রে ত্রুটি-বিচ্যুতি থাকা সত্ত্বেও সমবায় সমিতি আইন ও বিধিমালার ব্যত্যয় ঘটিয়ে সমিতিগুলোর নিবন্ধন প্রদান করেছেন। আপনার বিরুদ্ধে আনিত অভিযোগের বিষয়ে স্বীকার করে ক্ষমা প্রার্থনা করায় নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর কর্তৃক প্রদত্ত দণ্ডাদেশ রদ/রহিত করার মত যথেষ্ট যৌক্তিকতা/তথ্য উপাত্ত পাওয়া যায়নি বিধায় আপনার আপিল আদেশ খারিজ এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর কর্তৃক প্রদত্ত শাস্তি বহাল রাখাই যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

১০। সেহেতু, জনাব তসলিমা পারভীন, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা ও প্রাক্তন জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজশাহী এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় সমবায় অধিদপ্তর কর্তৃক বিগত ২৫-০৫-২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০০৩.২১জি-(বিমা-৩২/২০২১)-৪৫৯-এ/ও সংখ্যক স্মারকমূলে প্রদত্ত "তিরস্কার" দণ্ড আরোপ বহাল রাখা হলো। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২১ বিধি মোতাবেক আপিল আবেদনটি নিষ্পত্তি করা হলো।

১১। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান**, এনডিসি
সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ কার্তিক ১৪২৯/২৬ অক্টোবর ২০২২

**নং ২৩.০০.০০০০.১৮০.২৭.১৮২.২২.৪০৩**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৬১৭৭ মেজর হাসনাত রেজা নাসিমুল আলম, পদাতিক-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট রুলস্ ৯(এ) এবং আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) ও ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ আশ্বিন ১৪২৯/০৬ অক্টোবর ২০২২

**নং ৫৮.০০.০০০০.০৭৬.২৭.০০৮.১৯.১৫৯**—যেহেতু, জনাব মোঃ সোহেল রানা বিশ্বাস (সাময়িক বরখাস্তকৃত) জেলার হিসেবে গত ২৭-১২-২০১৭ তারিখ হতে ২৬-১০-২০১৮ তারিখ পর্যন্ত চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে কর্মরত ছিলেন;

যেহেতু, তার কর্মকালে গত ২৬-১০-২০১৮ তারিখ চট্টগ্রাম হতে ময়মনসিংহ যাওয়ার পথে বেলা আনুমানিক ১২.৪০ টায় 'বিজয়' ট্রেনে আপনার নিকট রক্ষিত একটি ট্রলি ব্যাগে ১২ বোতল ভারতীয় ফেনসিডিল, নগদ ৪৪,৪৩,০০০ (চুয়াল্লিশ লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা, এক কোটি ত্রিশ লক্ষ টাকা মূল্যমানের বিভিন্ন ব্যাংকের তিনটি চেক, দুই কোটি পঞ্চাশ লক্ষ টাকার মূল্যমানের বিভিন্ন ব্যাংকের এফডিআর চেক, বিভিন্ন ব্যাংকের ০৫টি চেক বই, একটি জাতীয় পরিচয়পত্র, একটি চাকরির পরিচয়পত্র, ট্রেনের টিকেট উপস্থিত সাক্ষীদের উপস্থিতিতে এস. আই আশরাফ উদ্দিন ভূইয়া কর্তৃক গ্রেফতার হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আপনাকে 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় কার্যধারা ০৫/২০১৯ রুজুপূর্বক ১৩-০৬-২০১৯ তারিখের ৫৮.০০.০০০০.০৭৬.২৭.০০৮.১৯.৯০ নং স্মারকে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, তিনি ১০-১০-২০১৯ তারিখে জবাব দাখিল করেন। জবাবে আপনি অভিযোগসমূহ হতে অব্যাহতি চেয়ে ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন। অভিযুক্ত কারাগারে বন্দি হিসেবে অবস্থান করায় বিভাগীয় মামলার শুনানি গ্রহণ করা সম্ভব হয়নি, ন্যায় বিচারের স্বার্থে মামলাটি অধিকতর তদন্তের জন্য জনাব তাহনিয়া রহমান চৌধুরী, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে গত ১০-০২-২০২২ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা ২২-০৪-২০২২ তারিখে প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনে প্রতীয়মান হয় আপনার বিরুদ্ধে আনিত (১) DIG জনাব পার্থ গোপাল বণিক এবং সিনিয়র জেল সুপার জনাব ইকবাল কবির চৌধুরী এর আর্থিক অনৈতিক সম্পর্কের কারণে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে অনিয়ম ও দুর্নীতি উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে; (২) চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে কর্মকালে বন্দি বেচা-কেনা, জামিন বাণিজ্য, সাক্ষাৎ বাণিজ্য, কারা হাসপাতাল ও ওয়ার্ডে ভর্তি/স্থানান্তর ইত্যাদি নামে অবৈধ পন্থায় অর্থ আদায়ের সঙ্গে সরাসরি জড়িত ছিলেন; (৩) কারা বিধি বহির্ভূতভাবে ক্যান্টিন পরিচালনা করতেন এবং বন্দি পিসি ব্যতীত নগদ টাকায় ক্যান্টিনের মালামাল বন্দিদের মাঝে বিক্রয় করে প্রাপ্ত লভ্যাংশ থেকে প্রতিদিন ৫০,০০০ টাকা (ভিতর ও বাহির ক্যান্টিন মিলে) এবং প্রতিদিন ২৫,০০০ (শুধু

ভিতর ক্যান্টিন থেকে) অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে গ্রহণ করেছেন; (৪) কর্মকালে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে যথাযথভাবে গেইট আর্টিক্যাল রেজিস্টার ২৬-১০-২০১৮খ্রি. তারিখের পূর্বে যথাযথভাবে সংরক্ষণ না করায় তল্লাশী ব্যতীত মালামাল ও অবৈধ জিনিসপত্র কারাগারে প্রবেশ করানো হতো; (৫) পিসি এন্টিকারী কারারক্ষীদের মাধ্যমে নগদ টাকা বন্দিদের নিকট পৌঁছে দিয়ে কমিশন আদায়ের সাথে সরাসরি জড়িত ছিলেন; (৬) ক্যান্টিন পরিচালনার নীতিমালা ব্যত্যয় করে বিধি বহির্ভূতভাবে খরচ, পিসি ক্যাশের লভ্যাংশের অর্থ ব্যাংকে জমা প্রদান না করে হাতে রেখে দিয়ে ক্যান্টিন পরিচালনা নীতিমালা ও আর্থিক বিধি লঙ্ঘন করেছেন; (৭) ইতোপূর্বেও আপনার বিরুদ্ধে একাধিক বিভাগীয় মামলা রুজু হয়েছে এবং উক্ত মামলাসমূহে আপনাকে শাস্তি প্রদান করা হয়েছে। আপনার অভ্যাসগত দুর্নীতি ও অনিয়মের সাথে জড়িত থাকার অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত;

যেহেতু, তদন্ত প্রতিবেদনসহ দাখিলকৃত কাগজপত্রাদি, তথ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনিত 'অসদাচরণ' এর অভিযোগটি প্রমাণিত হওয়ায় তাঁকে একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী 'চাকুরী থেকে বরখাস্তকরণ' এর বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে ১৯ মে ২০২২ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ০৭ জুন ২০২২ তারিখ দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় গুরুদণ্ড আরোপের পূর্ব সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি মোতাবেক গত ২৯-০৬-২০২২ তারিখে তাকে সরকারি 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়কে অনুরোধ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের সাময়িক বরখাস্তকৃত সাবেক জেলার জনাব মোঃ সোহেল রানা বিশ্বাস-কে 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের পরামর্শ প্রদান করেছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগটি প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের সাময়িক বরখাস্তকৃত সাবেক জেলার জনাব মোঃ সোহেল রানা বিশ্বাস-কে সরকারি 'চাকুরী হতে বরখাস্তকরণ' করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী**
সচিব।

**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ কার্তিক ১৪২৯ ব./০৩ নভেম্বর ২০২২ খ্রি.

**নং ৪৪.০০.০০০০.০৯৪.২৭.০২৮.২১-১৩৫৩**—যেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান পিপিএম-সেবা (বিপি-৬৬৯১০০০০২৫), অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিআইজি), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা (বর্তমানে সাময়িক বরখাস্ত এবং পুলিশ অধিদপ্তরে সংযুক্ত) এর বিরুদ্ধে গত ২৪-০৬-২০১৯ খ্রি. তারিখে দুর্নীতি দমন কমিশন কর্তৃক রুজুকৃত দুদক, সজেকা, ঢাকা-১ এর ০১ নং মামলার তদন্ত শেষে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৬(২) ও ২৭(১) ধারা, মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ৪(২) ও (৩) ধারাসহ এবং দণ্ডবিধির ১০৯ ধারায় দুদক, সজেকা, ঢাকা-১ গত ৩০-১০-২০২০ তারিখ ০৮ নং চার্জশিট দাখিল করা হয়। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ তাকে ২৩-০২-২০২২ খ্রি. তারিখ ৩(তিন) বছরের কারাদণ্ড প্রদান করেন;

২। সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪২(১) ধারা অনুযায়ী জনাব মোঃ মিজানুর রহমান, পিপিএম-সেবা (বিপি-৬৬৯১০০০০২৫), অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিআইজি), ঢাকা মেট্রো পলিটন পুলিশ, ঢাকা (বর্তমানে সাময়িক বরখাস্ত এবং পুলিশ অধিদপ্তরে সংযুক্ত) কে গত ২৩-০২-২০২২ খ্রি. তারিখ থেকে চাকরি হতে বরখাস্ত করা হলো।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমিনুল ইসলাম খান**
সিনিয়র সচিব।

---

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৮/২৮ জুলাই ২০২১

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১১.২০-৫২৫**—ঢাকা জেলার খিলক্ষেত থানার মামলা নং ০৭(১০)২০১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৭/৮/৯/১০/১৩ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৯/০৩ নভেম্বর ২০২২

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১৪১৩**—গাজীপুর জেলার কাশিমপুর থানার মামলা নং ১৩, তারিখঃ ২৪-০৭-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনিত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১৪১৪**—ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া থানার মামলা নং-২৯, তারিখঃ ২৭-০৯-২০২০ খ্রিঃ -এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-৬(২)(ঈ)৮/৯/১০/১১ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনিত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১৪১৫**—নারায়ণগঞ্জ জেলার সদর থানার মামলা নং-১৬, তারিখঃ ২০-০৮-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} ৭/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনিত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১৪১৬**—নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানার মামলা নং-০৩, তারিখঃ ০৩-০৬-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} ৭/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনিত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১৪১৭**—কুমিল্লা জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-৭৯, তারিখঃ ২৫-১০-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬/১০/১১/১২/১৩/১৪ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনিত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/১৩ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২-এন-৩৭/২০০৪(অংশ)-২৮৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব শাহ মোঃ আবিদুর রহমান, জন্ম তারিখঃ ৩০-১২-১৯৮৬ খ্রি. পিতা-শাহ মোঃ আব্দুল বাকী, মাতা-ফাতেমা খাতুন, গ্রাম-ইটাখোলা, ডাকঘর-সায়হামনগর, উপজেলা-মাধবপুর, জেলা-হবিগঞ্জ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলার ৯ নং নোয়াপাড়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি কলেজ-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৮/১১ আগস্ট ২০২১

**নং ৩৭.০০.০০০০.০৭০.৫২.০০১.১৮.১১৮**—'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮'-এর আলোকে জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন 'বঙ্গবন্ধু কলেজ ঝাউগড়া' গত ০৮ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খালেদা আখতার**
উপসচিব (বেসরকারি কলেজ-৬)।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**উর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**শোক বার্তা**

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯/১১ ডিসেম্বর ২০২২

**নং ০৫.০০.০০০০.১৩১.০০.১৬৫.২২-১০২০**—বাংলাদেশ পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের উপপ্রধান (উপসচিব) জনাব হাসিনা বেগম (১৫৪৭১) হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে গত ০৮ নভেম্বর ২০২২ তারিখ মঙ্গলবার সকাল ১০.৪৫ টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ........রাজিউন)।

০২। জনাব হাসিনা বেগম ০২ মে ১৯৭৬ তারিখে ফেনী জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ২০০৩ সালে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন এবং ২০১৭ সালে সরকারের উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন এবং সর্বশেষ বাংলাদেশ পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের উপপ্রধান (উপসচিব) হিসাবে কর্মরত ছিলেন।

০৩। জনাব হাসিনা বেগম তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্বামী, এক মেয়ে ও এক ছেলেসহ আত্মীয়স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব হাসিনা বেগম এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফেরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।